# জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
## সাভার ঢাকা-১৩৪২

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নিম্নেবর্ণিত পদসমূহে জনবল নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| নং | পদের নাম ও বেতনস্কেল | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১। | **সহকারী উদ্যানতত্ত্ববিদ**<br>**জীববিজ্ঞান অনুষদ**<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ২২,০০০-৫৩,০৬০/-<br>পদসংখ্যা: ১টি | ক) শিক্ষাজীবনের সকল পর্যায়ে ন্যূনতম ২য় শ্রেণি/বিভাগ/সিজিপিএ ২.৫ সহ কৃষি/হর্টিকালচার/ আরবরী কালচার বিষয়ে স্নাতকোত্তর/স্নাতক ডিগ্রি ও বাগান তদারকী, রক্ষণাবেক্ষণ, উদ্যান বিন্যাস, বৃক্ষরোপণ ও নার্সারী তৈরি কাজে বাস্তব অভিজ্ঞতা থাকবে হবে। |
| ২। | **ল্যাবরেটরী সহকারী**<br>**ফার্মেসী বিভাগ**<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ১১,৩০০-২৭,৩০০/-<br>পদসংখ্যা: ১টি | ক) ফার্মেসী/রসায়ন/প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনায়/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গবেষণাগারে ৩(তিন) বছরের কাজের অভিজ্ঞতা থাকবে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) ফার্মেসী/রসায়ন/প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিষয়ে স্নাতক এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনায়/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গবেষণাগারে ৪(চার) বছরের কাজের অভিজ্ঞতা থাকবে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br><br>উপরের 'ক' ও 'খ' উভয় ক্ষেত্রে ফার্মেসী গ্র্যাজুয়েট এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনায় পূর্ব অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। |
| ৩। | **ল্যাবরেটরী সহকারী**<br>**ওয়াজেদ মিয়া বিজ্ঞান গবেষণা কেন্দ্র**<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ১১,৩০০-২৭,৩০০/-<br>পদসংখ্যা: ১টি | ক) জীববিজ্ঞান অনুষদভুক্ত বিষয়ে স্নাতকোত্তর এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনায়/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গবেষণাগারে ৩(তিন) বছরের কাজের অভিজ্ঞতা থাকবে হবে। RT-PCR ও Chromatography নিয়ে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) জীববিজ্ঞান অনুষদভুক্ত বিষয়ে স্নাতক এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনায়/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গবেষণাগারে ৪(চার) বছরের কাজের অভিজ্ঞতা থাকবে হবে। RT-PCR ও Chromatography নিয়ে কাজ করার অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া যেতে পারে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ৪। | **ল্যাবরেটরী সহকারী**<br>**ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)**<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ১১,৩০০-২৭,৩০০/-<br>পদসংখ্যা: ২টি<br>(১টি পদ কম্পিউটার বিজ্ঞান বিষয়ের এবং অপরটি ইলেক্ট্রনিক্স বিজ্ঞান বিষয়ের) | ক) কম্পিউটার বিজ্ঞান/ইলেকট্রনিক্স বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনায়/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গবেষণাগারে ৩(তিন) বছরের কাজের অভিজ্ঞতা থাকবে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) কম্পিউটার বিজ্ঞান/ইলেকট্রনিক্স বিজ্ঞান বিষয়ে স্নাতক এবং ব্যবহারিক ক্লাশ পরিচালনায়/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের গবেষণাগারে ৪(চার) বছরের কাজের অভিজ্ঞতা থাকবে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ৫। | **সহকারী হিসাবরক্ষক**<br>**বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হল**<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ১১,০০০-২৬,৫৯০/-<br>পদসংখ্যা: ১টি | ক) স্নাতকোত্তর (বাণিজ্য) সহ হিসাব সহকারী/সমমানের পদে কমপক্ষে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) স্নাতক (বাণিজ্য) সহ হিসাব সহকারী/সমমানের পদে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়। |
| ৬। | **অফিস সহকারী-কাম-কম্পিউটার টাইপিস্ট**<br>**মোট পদসংখ্যা: ৪টি**<br>**(১) ফার্মেসী বিভাগ-১টি**<br>**(২) নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ-১টি**<br>**(৩) কম্পট্রোলার অফিস-১টি**<br>**(৪) শারীরিক শিক্ষা অফিস-১টি**<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/-<br>(আবেদনকারীদের অফিস অনুযায়ী পৃথক পৃথকভাবে আবেদন করতে হবে) | ক) স্নাতক পাশসহ কম্পিউটারে বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামের সাহায্যে কাজ করার সন্তোষজনক অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) এইচএসসি বা সমমান পাশসহ কম্পিউটারে বিভিন্ন প্যাকেজ প্রোগ্রামের সাহায্যে কাজ করার ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br><br>উপরের 'ক' ও 'খ' উভয় ক্ষেত্রে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |

| | | |
|---|---|---|
| ৭। | **সেমিনার গ্রন্থাগার সহকারী**<br>**মোট পদসংখ্যা: ২টি**<br>**(১) পাবলিক হেল্থ এন্ড ইনফরমেটিক্স বিভাগ-১টি**<br>**(২) আইন ও বিচার বিভাগ-১টি**<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/-<br>(আবেদনকারীদের অফিস অনুযায়ী পৃথক পৃথকভাবে আবেদন করতে হবে) | ক) স্নাতক ও গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>অথবা<br>খ) এইচএসসি বা সমমান পাশ ও গ্রন্থাগার বিজ্ঞানে সার্টিফিকেটসহ সংশ্লিষ্ট কাজে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। শিক্ষাজীবনের কোনো পর্যায়ে সিজিপিএ ২.৫-এর নিচে/তৃতীয় শ্রেণি গ্রহণযোগ্য নয়।<br>উপরের 'ক' ও 'খ' উভয় ক্ষেত্রে কম্পিউটারে প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে। |
| ৮। | **মুয়াজ্জিন-কাম-খাদেম**<br>**রেজিস্ট্রার অফিস**<br>(কমিউনিটি মসজিদের জন্য)<br>জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী<br>বেতনক্রম: ৯,৩০০-২২,৪৯০/-<br>পদসংখ্যা: ১টি | ক) আলীম ও ক্বারীয়ানা/ফাজিল পাশসহ মুয়াজ্জিন হিসেবে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>খ) আলীমসহ কোরআনে হাফেজ/ফাজিল পাশসহ মুয়াজ্জিন হিসেবে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>অথবা<br>গ) অন্য যে কোনো মাদ্রাসা শিক্ষা বোর্ডের সমমানের ডিগ্রিসহ মুয়াজ্জিন হিসেবে ২(দুই) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |

৯। অধিকতর যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে যে কোনো শর্ত শিথিলযোগ্য।

১০।উপরোক্ত ১ নং ক্রমিকের পদের জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেটের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার উপর ইস্যুকৃত ৬০০/-(ছয়শত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরৎযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৬০০/-(ছয়শত) টাকা অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ এবং ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ ১০(দশ) কপি দরখাস্ত আগামী **০৩-০৩-২০২২** তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর পৌঁছাতে হবে। উপরোক্ত ১ নং ক্রমিকের পদের জন্য রেজিস্ট্রার বরাবর ৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেটসহ নিজের নাম, ঠিকানা লিখিত ১০"X৪" সাইজের খাম পাঠিয়ে আবেদন ফরম (অফিস বন্ধের দিন ব্যতীত অন্যান্য দিন অফিস চলাকালীন সময় সকাল ৯:০০ ঘটিকা হতে দুপুর ২:০০ ঘটিকা পর্যন্ত) রেজিস্ট্রার অফিস থেকে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.juniv.edu থেকেও ফরম ডাউনলোড করে আবেদন করা যাবে।

১১। উপরোক্ত ২-৮ নং ক্রমিকের পদসমূহের জন্য প্রার্থীর সাদা কাগজে নিজের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, জাতীয় পরিচয়পত্র নাম্বার, মোবাইল নাম্বার, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদির বিবরণ এবং শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত কপি প্রতি সেটের সাথে সংযুক্ত করতঃ রেজিস্ট্রারের অনুকূলে অগ্রণী ব্যাংকের যে কোনো শাখা হতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার উপর ইস্যুকৃত ৩০০/-(তিনশত) টাকার ব্যাংক ড্রাফট (ফেরৎযোগ্য নহে) অথবা অগ্রণী ব্যাংকের বিবিধ জমা রশিদের মাধ্যমে ৩০০/-(তিনশত) টাকা অগ্রণী ব্যাংক জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস শাখার সিডি-৬৮ নং হিসাবে জমা দিয়ে উক্ত জমা রশিদ ও ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ ৭ (সাত) কপি দরখাস্ত আগামী **০৩-০৩-২০২২** তারিখের মধ্যে রেজিস্ট্রার বরাবর পৌঁছাতে হবে।

১২।চাকরিরত প্রার্থীকে অবশ্যই স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৩।নির্ধারিত তারিখের পর প্রাপ্ত ও অসম্পূর্ণ দরখাস্ত সরাসরি বাতিল বলে গণ্য হবে।

স্বাক্ষর/- রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

স্মারক সংখ্যা ঃ রেজি/প্রশাসন-২/৪৮৯৩(১২০)

তারিখ ঃ ১৩-০২-২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১. প্রো-উপাচার্য (শিক্ষা), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
২. প্রো-উপাচার্য (প্রশাসন), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৩. কোষাধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৪. সকল ডিন, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৫. রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৬. পরিচালক, শিক্ষার্থী কল্যাণ ও পরামর্শদান কেন্দ্র, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৭. সকল প্রভোস্ট, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৮. প্রক্টর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
৯. সকল বিভাগীয় সভাপতি/অফিস প্রধান/পরিচালক/ভারপ্রাপ্ত শিক্ষক, জাবি, সাভার, ঢাকা।
১০. ভারপ্রাপ্ত শিক্ষক, আইসিটি সেল, জাবি, সাভার, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১. সভাপতি/সম্পাদক, শিক্ষক সমিতি, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
১২. সকল ডেপুটি রেজিস্ট্রার, রেজিস্ট্রার অফিস, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
১৩. উপাচার্যের সচিব (ডেপুটি রেজিস্ট্রার), উপাচার্য অফিস, জাবি, সাভার, ঢাকা।
১৪. অধ্যক্ষ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজ, সাভার, ঢাকা।
১৫. সভাপতি/সাধারণ সম্পাদক, অফিসার সমিতি, জাবি, সাভার, ঢাকা।
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, কর্মচারি সমিতি/কর্মচারি ইউনিয়ন, জাবি, সাভার, ঢাকা।
১৭. সকল গুরুত্বপূর্ণ নোটিশ বোর্ড।

১৩/০২/২০২২

(ড. বি. এম. কামরুজ্জামান)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-২)